দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 JUN 2016
পৃষ্ঠা ৮ কলাম ২

# এসএসসি খাতা পরীক্ষণের টাকা আজো পাইনি

কুমিল্লা শিক্ষা বোর্ডের হিসাব বিভাগের অবহেলায় আজো ইংরেজি বিষয়ের খাতা পরীক্ষণের চেক হাতে পাইনি। চেকের জন্য এসএসসি পরীক্ষার বেশ কিছুদিন পর সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করলে বলা হলো—ইংরেজি বিষয়ের চেক ডেসপাসে দেওয়া হয়েছে। ডাক মারফত পাবেন। ১৫ দিন অপেক্ষা করে আবার যোগাযোগ করলাম। বলা হলো—খুব শীঘ্রই চেক হাতে পাবেন। আরো এক মাস অপেক্ষা করেও চেক হাতে পেলাম না। তাই এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

আবদুস ছালাম মজুমদার,
দেবিদ্বার, কুমিল্লা